37

দৈনিক বাংলা

তারিখ ... 30 JAN 1997 ...
পৃষ্ঠা ... ৩ কলাম ... ৩ ...

# সুবিধাজনক সময়ে ডাকসু নির্বাচন হবে ঃ ভিসি

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার ঃ** বুধবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের পরিবেশ পরিষদের এক সভা ভাইস চ্যান্সেলর প্রফেসর আবুল কালাম আজাদ চৌধুরীর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়।

সভায় বিশ্ববিদ্যালয়ের সার্বিক পরিস্থিতি নিয়ে বিস্তারিত আলোচনা হয়। বিভিন্ন ছাত্র সংগঠন সভায় অংশগ্রহণ করে। সভায় ডাকসু নির্বাচন অনুষ্ঠানের ব্যাপারে আলোচনা হলেও কোন সিদ্ধান্ত হয়নি।

ভিসি ক্যাম্পাসের বর্তমান পরিস্থিতির সার্বিক চিত্র তুলে ধরে বলেন, এই অবস্থায় নির্বাচন সম্ভব নয়। তবে একটি সুবিধাজনক সময় ডাকসু নির্বাচন অনুষ্ঠিত হবে।

ছাত্র সংগঠনগুলোর মধ্যে ছাত্রলীগ (শা-পা) ছাত্রদল, ছাত্র ইউনিয়ন ও জাসদ ছাত্রলীগ নেতৃবৃন্দ সভায় উপস্থিত ছিলেন।